



মার্কিন বাণিজ্য চুক্তি পরিবর্তনের সুযোগ রয়েছে: বাণিজ্যমন্ত্রী



সংগৃহীত ছবি

যুক্তরাষ্ট্রের সঙ্গে হওয়া চুক্তিতে দেশের স্বার্থবিরোধী কোনো বিষয় সামনে এলে তা সংশোধনের সুযোগ রয়েছে বলে জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী খন্দকার আবদুল মুক্তাদির।

গুত্রবার সকালে সিলেটের বাইশটিলা এলাকায় জেলা পরিষদের ন্যাচারাল পার্ক পরিদর্শন শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন।

মন্ত্রী জানান, রাষ্ট্রীয় চুক্তি সহজে পরিবর্তন করা না গেলেও বাস্তবায়নের সময় কোনো ধারা দেশের স্বার্থের পরিপন্থি হলে সংশোধনের সুযোগ থাকে। তিনি বলেন, আন্তর্জাতিক চুক্তিতে উভয় পক্ষের স্বার্থ বিবেচনায় রাখা হয়।

মূল্যস্ফীতি নিয়ে তিনি বলেন, ডিজেলের দাম সামান্য বাড়ায় বাজারে বড় ধরনের প্রভাব পড়ার কথা নয়। অযৌক্তিকভাবে কেউ পণ্যের দাম বাড়ালে সরকারের পক্ষ থেকে ব্যবস্থা নেওয়া হবে।

সরকারি লোকসানি শিল্প প্রতিষ্ঠান প্রসঙ্গে বাণিজ্যমন্ত্রী বলেন, ব্যবসা পরিচালনা সরকারের কাজ নয়। তাই এসব প্রতিষ্ঠান বেসরকারি খাতে দিয়ে কর্মসংস্থান ও রাজস্ব বাড়ানোর উদ্যোগ নেওয়া হচ্ছে।

এ ছাড়া বাইশটিলায় ৪৩ একর জায়গাজুড়ে আধুনিক ন্যাচারাল পার্ক গড়ে তোলার পরিকল্পনার কথাও জানান তিনি। সেখানে ক্যাবল কার, রোপ ব্রিজসহ বিভিন্ন বিনোদন সুবিধা থাকবে বলে জানান মন্ত্রী।